দৈনিক বাংলা

তারিখ 11/11/74
পৃষ্ঠা 4 কলাম 2

139

# মহিলাদের বৃত্তি প্রশিক্ষণের জন্য ইউনিসেফের সাহায্য

জাতিসংঘ জরুরী শিশু তহবিল বাংলাদেশের মহিলাদের উন্নয়নের জন্য সরবরাহ, সরঞ্জাম ও প্রশিক্ষণ ফেলোশীপের আকারে ৪ লাখ ৫৬ হাজার ৬ শ মার্কিন ডলার প্রদান করবে বলে বৃহস্পতিবার ইউনিসেফ ও বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক ডিভিশনের মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

সরকারী সূত্রের উদ্ধৃতি দিয়ে বাসস জানায় যে বাংলাদেশ মহিলা পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশনের ৬টি কেন্দ্র শক্তিশালী ও আধুনিকীকরণের উদ্দেশ্যে একটি আনুষঙ্গিক পরিকল্পনার জন্য ইউনিসেফ এই সাহায্য দেবে।

দু বছর মেয়াদী এই পরিকল্পনার কাজ চলতি মাসে শুরু হবে। এই পরিকল্পনার অধীনে গ্রামের মহিলাদের বিভিন্ন ধরনের বৃত্তি শিক্ষা দেয়া হবে।